

শেখ হাসিনার দিন বদলে
সমাজসেবা এগিয়ে চলে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
পীরগঞ্জ, রংপুর
www.dss.pirgonj.rangpur.gov.bd

নম্বরঃ ৪১.০১.৮৫৭৬.০০০.১৮.০০১.২১. ৪০৮



তারিখঃ ২৫/১০/২০২৩ খ্রিস্টাব্দ।

বিজ্ঞপ্তি

বিষয়: সমাজসেবা অধিদফতরের G2P -তে প্রাপ্ত ভাতার টাকা সুরক্ষায় করণীয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতাধীন অত্র উপজেলার উপকারভোগীদের মাঝে ভাতার টাকা মোবাইল হিসাবে জমা হওয়ার পরপরই কিছু অসাধু চক্র বা হ্যাকার উপজেলা সমাজসেবা অফিস বা অন্য নাম ব্যবহার করে সেই টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ পাওয়া যাচ্ছে। সচেতনতা বৃদ্ধির মাধ্যমে ভাতার টাকা সুরক্ষায় উপকারভোগীদের করণীয় রয়েছে। যথা:

- ১। ভাতা/উপবৃত্তির টাকা নিজ নিজ মোবাইল ফোনে নগদ হিসাবে পাওয়া মাত্র দ্রুত উত্তোলন করতে হবে।
- ২। নিজের মোবাইল ফোনে নগদ হিসাবের পিন (PIN) নম্বর বিশ্বস্ত লোক ব্যক্তি কারো সাথে শেয়ার/বিনিময় করবেন না। পিন নম্বর শেয়ার/বিনিময় করলে অন্য ব্যক্তি আপনার টাকা উত্তোলন করে নিতে পারে।
- ৩। মোবাইল ফোনে কল করে নগদ হিসাবের পিন (PIN) নম্বর চাওয়া হলে উক্ত প্রস্তাবে সাড়া দিবেন না।
- ৪। মোবাইল ফোনে কল করে নগদ হিসাবের ওটিপি (OTP) চাওয়া হলে উক্ত প্রস্তাবে সাড়া দিবেন না।
- ৫। সম্ভব হলে নগদ হিসাবের পিন (PIN) নম্বর মাঝে মাঝে পরিবর্তন করে নিন।
- ৬। ভাতার টাকা নিকটস্থ, পরিচিত ও বিশ্বস্ত এজেন্ট পয়েন্ট ব্যতীত ক্যাশ আউট না করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। যৌক্তিক সময়ের মধ্যে ভাতার টাকা 'নগদ' এ না পৌঁছালে উপজেলা সমাজসেবা কার্যালয়কে অবহিত করতে হবে।
- ৮। ভাতাভোগীর পিন (PIN) নম্বর রিসেট বা নগদ একাউন্ট হালনাগাদ সংক্রান্ত কাজের জন্য 'নগদ সেবা কেন্দ্র' 'জাহিদ টেলিকম' (কৃষি ব্যাংক সংলগ্ন), পীরগঞ্জ, রংপুর এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


২৫/১০/২০২৩
মোঃ আরিফুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার
e-mail: usso.pirganj.rangpur@dss.gov.bd
ফোন নম্বরঃ ০২৫৮৯৯৭৭৬৩৬

২৫/১০/২০২৩

জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রয়োজ্য ক্ষেত্রে):

- ০১। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, রংপুর।
- ০৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রংপুর।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর।
- ০৫। মেয়র/চেয়ারম্যান..... পৌরসভা/ইউনিয়ন, পীরগঞ্জ, রংপুর।
- ০৬। ইসলামিক ফাউন্ডেশন, পীরগঞ্জ, রংপুর। (তাকে অত্র উপজেলার সকল মসজিদে নামাজের পূর্বে/পরে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৭। অফিস কপি।